

PRINT

# সমকাল

## জগন্নাথ হল ট্র্যাজেডি দিবস আজ

১০ ঘণ্টা আগে

### সমকাল প্রতিবেদক

১৯৮৫ সালের ১৫ অক্টোবর ছিল মঙ্গলবার। বিটিভির পর্দায় চলছিল মুক্তিযুদ্ধের পটভূমিতে নির্মিত জনপ্রিয় ধারাবাহিক নাটক 'শুকতারা'। ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) জগন্নাথ হলের ১৫০ বছরের পুরনো অনুদৈপায়ন নামের ভবনের দোতলায় ছিল হলের টিভি কক্ষ। নাটকটি দেখার জন্য টিভি কক্ষে ভিড় করেছিলেন ২৫০-৩০০ জন। হঠাৎ বিকট শব্দে ছাদের মাঝখানের অংশ ভেঙে পড়ে। সঙ্গে সঙ্গে ধূলায় অন্ধকার হয়ে যায় পুরো কক্ষ। ঘটনাস্থলেই মারা যান ৩৪ জন। পরে আরও ছয়জনের মৃত্যু হয়। তাদের মধ্যে ২৬ জন ছিলেন ছাত্র, ১৪ জন ছিলেন কর্মচারী ও অতিথি। আজ সেই ট্র্যাজেডি দিবস। এ দিনটি ঢাবি শোক দিবস হিসেবে পালন করে।

আজ দিবসটি উপলক্ষে নানা কর্মসূচি পালন করবে ঢাকা বিশ্ববিদ্যালয়।

© সমকাল 2005 - 2019

তারপ্রাপ্ত সম্পাদক : মুক্তাফিজ শফি। প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮। ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :

+৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫২৯৯৭ (অনলাইন)। ইমেইল:

ad.samakalonline@outlook.com

